



## নবীনদের স্বাগত জানাল এনএসইউ

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) স্প্রিং সেমিস্টার-২০২৫ ওরিয়েন্টেশন অনুষ্ঠানের মাধ্যমে নবীন শিক্ষার্থীদের স্বাগত জানিয়েছে। ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য অনুষ্ঠানে ২১ জন শিক্ষার্থীকে শতভাগ মেধাবৃত্তিসহ ৬৯ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের শ্রম ও কর্মসংস্থান এবং নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী।

এনএসইউর রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন নতুন ব্যাচের শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'বিশ্ববিদ্যালয়ে আপনারা আজ যে নতুন যাত্রা শুরু করছেন, এটাই আপনাদের পরবর্তী জীবনের পথ গড়ে দেবে। এই পথচলায় আপনাদের সঙ্গী হতে পেরে নর্থ সাউথ ইউনিভার্সিটি গর্বিত।'

স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম; স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক সাজ্জাদ হোসেন; স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র, এবং স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক একেএম

ওয়্যারেসুল করিম শিক্ষার্থীদের কাছে নিজ নিজ স্কুলের পরিচয় তুলে ধরেন।

প্রধান অতিথি ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন বলেন, 'নর্থ সাউথ ইউনিভার্সিটি বাংলাদেশের অন্যতম শীর্ষ প্রতিষ্ঠান। এই বিশ্ববিদ্যালয় কেবল উচ্চতর শিক্ষার জায়গা নয়, এটি জাতীয় অগ্রগতির জন্য গবেষণার একটি কেন্দ্র। আমরা এখনও জাতীয় নীতি নির্ধারণে আমাদের বিশ্ববিদ্যালয়গুলোকে সঙ্গী করতে পারিনি। জাতীয় চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববিদ্যালয়গুলোকে ভূমিকা রাখতে হবে।'

এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, 'নর্থ সাউথ ইউনিভার্সিটি ধারাবাহিকভাবে দেশের অন্যতম শীর্ষ বিশ্ববিদ্যালয় হিসেবে টিএইচই ও কিউএস রপ্তাঙ্কিংয়ে স্থান করে নিয়েছে। এই অর্জন আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, তাদের গবেষণা, এবং শিক্ষার্থীদের একান্ত প্রচেষ্টার প্রতিফলন।'

অনুষ্ঠানে ধন্যবাদ জানান, এনএসইউ কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান। নর্থ সাউথ ইউনিভার্সিটি সাংস্কৃতিক সংগঠনের (এনএসইউএসএস) মনোমুখকর সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। সংবাদ বিজ্ঞপ্তি